# গণতান্ত্রিক ছাত্র জোট

মধুর ক্যান্টিন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ০১৮৩০-৫৮৮০৬৫, ০১৭৭২-২৯১৮৫২

সংবাদ বিজ্ঞপ্তি

১৫ আগস্ট ২০২৫

## সাহারা চৌধুরীর ওপর হওয়া মব সন্ত্রাসের ঘটনায় গণতান্ত্রিক ছাত্র জোটের প্রতিবাদ মব তৈরি করে প্রদত্ত বহিষ্কারাদেশ প্রত্যাহার, জীবনের নিরাপত্তা নিশ্চিত এবং মব সন্ত্রাসে জড়িতদের বিচারের দাবি

জুলাই গণঅভ্যুত্থানের সম্মুখসারিতে থাকা সিলেট মেট্রোপলিটন ইউনিভার্সিটির শিক্ষার্থী ও ট্রান্স অ্যাক্টিভিস্ট সাহারা চৌধুরী দীর্ঘদিন ধরে ভিন্ন লিঙ্গের মানুষের দাম্পত্য জীবনের অধিকার নিশ্চিত ও বাস্তবায়নের জন্য প্রচার-সংগ্রাম চালিয়ে যাচ্ছিলেন।এছাড়াও তিনি দেশের বিদ্যমান আইনের পেনাল কোডের ৩৭৭ ধারা অনুযায়ী সব লিঙ্গের মানুষের সমানাধিকার হরণের আইনের প্রতিবাদেও প্রচার-প্রচারণায় সোচ্চার ছিলেন।এজন্য ধর্মীয় ফ্যাসিবাদী গোষ্ঠী তার বিরুদ্ধে হিংসাত্মক প্রচারণা চালায় ও হত্যার হুমকি দিতে থাকে। এর প্রতিবাদে তিনি অনলাইনে একটি ব্যঙ্গাত্মক চিত্র প্রকাশ করেন। তারই জের ধরে কয়েক দিন ধরে এই ধর্মীয় ফ্যাসিস্ট গোষ্ঠী অনলাইনে হত্যার হুমকি ও বল প্রদর্শন শুরু করে। ফলশ্রুতিতে, গত বুধবার, ১৩ আগস্ট, তাকে তার বিশ্ববিদ্যালয় থেকে মবের মুখে অন্যায়ভাবে বহিষ্কারাদেশ প্রদান করা হয়। এছাড়াও এই ফ্যাসিবাদী গোষ্ঠী তার নামে মামলা দিয়ে ইতিমধ্যে আইনি হয়রানি শুরু করেছে।

আমরা সাহারা চৌধুরীর ওপর হওয়া মব সন্ত্রাসের প্রতিবাদ জানাচ্ছি। মব তৈরি করে প্রদত্ত বহিষ্কারাদেশ প্রত্যাহার, জীবনের নিরাপত্তা নিশ্চিত, মব সন্ত্রাসে জড়িতদের বিচারের আওতায় আনা এবং সকল লিঙ্গের মৌলিক নাগরিক অধিকার নিশ্চিত করার দাবি জানাচ্ছি!

যৌথ বিবৃতিতে সাক্ষর করেন –
সায়েদুল হক নিশান, সমন্বয়ক, গণতান্ত্রিক ছাত্র জোট ও সভাপতি, গণতান্ত্রিক ছাত্র কাউন্সিল
তামজিদ হায়দার চঞ্চল, সভাপতি, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন
দিলীপ রায়, সভাপতি, বিপ্লবী ছাত্র মৈত্রী
অমল ত্রিপুরা, সভাপতি, বৃহত্তর পার্বত্য চট্রগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ
তওফিকা প্রিয়া, সভাপতি (ভারপ্রাপ্ত), বিপ্লবী ছাত্র-যুব আন্দোলন

**বার্তা প্রেরক**

শুভাশীষ চাকমা
সাধারণ সম্পাদক
পাহাড়ি ছাত্র পরিষদ
যোগাযোগ: ০১৮৫০-৩২০৯৪৬